

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-২ শাখা
www.mole.gov.bd

নং-৪০.০১০.০৩৮.০১.০০.০৫২.২০১০-৪০৫

২৬ কার্তিক ১৪৩২
তারিখ:-----
১১ নভেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (সংযুক্ত) শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকার বিরুদ্ধে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান, এমপি এর প্রত্যক্ষ সহযোগিতায় বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি)'র সুপারিশ ব্যতীত অনৈতিকভাবে শ্রম অধিদপ্তরের পরিচালক পদে পদোন্নতি গ্রহণ করার অভিযোগে দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারা ও দলবিধি ১০৯ ধারায় দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ কর্তৃক রুজুকৃত মামলায় বিগত ২৫/০৯/২০২৫ তারিখে বিজ্ঞ মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা কর্তৃক "অভিযোগপত্র" গৃহীত হয়েছে; এবং


০২। যেহেতু, বিভাগীয় পদোন্নতি কমিটি'র সুপারিশ অগ্রাহ্য ও পদোন্নতির জন্য অনুসরণীয় বিদ্যমান জ্যেষ্ঠতা তালিকার জ্যেষ্ঠ কর্মকর্তাগণের বৈধ সুযোগ বঞ্চিত (Deprived) করে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রীর মাধ্যমে উচ্চতর পদে পদোন্নতির অবৈধ ও বিধিবিহীন সুযোগ গ্রহণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

০৩। যেহেতু, সরকারি কর্মচারী আইন ২০১৮ এর বিধি ৩৯(২) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

০৪। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ৩৯(২) অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (সংযুক্ত) প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর -কে ২৫/০৯/২০২৫ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরাকি ভাতা ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(ড.মো: সানোয়ার জাহান ভূইয়া)
সচিব


জনাব মোঃ মিজানুর রহমান
পরিচালক (সংযুক্ত)
শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

নং-৪০.০১০.০৩৮.০১.০০.০৫২.২০১০-৪০৫/১(১২)

২৬ কার্তিক ১৪৩২
তারিখ:-----
১১ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা।
৩. উপদেষ্টার একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
৬. চীফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২. অফিস কপি/গার্ড ফাইল।


(মোহাম্মদ আলিমগীর হক)
সহকারী সচিব